বুধবার
চট্টগ্রাম
৫ আগস্ট ২০২৬
২১ শ্রাবণ ১৪৩৩
২১ সফর ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-২১৯

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh




www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা



প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির মার্কেটিং ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক ও কো-অর্ডিনেটর সুলতানা রাজিয়া চৌধুরীকে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য শুভেচ্ছা জানান

# অধ্যাপক সুলতানা রাজিয়ার চৌধুরীর পিএইচডি অর্জন

প্রিমিয়ার ইউনিভার্সিটির মার্কেটিং ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক ও কো-অর্ডিনেটর সুলতানা রাজিয়া চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণা অভিসন্দর্ভের শিরোনাম 'ইমপ্যাক্ট অব রিলেশনশিপ মার্কেটিং অন কাস্টমার প্যাট্রোনেজ ইনটেনশন অ্যান্ড সোশ্যাল ইনফ্লুয়েন্স থ্রু কাস্টমার এনগেজমেন্ট: এভিডেন্স ফ্রম রেস্টুরেন্টস'। ২০২২ থেকে ২০২৫ সাল পর্যন্ত পরিচালিত এ গবেষণা অধ্যাপক ড. মোহাম্মদ তৈয়ব চৌধুরী ও অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীরের যৌথ তত্ত্বাবধানে সম্পন্ন হয়েছে। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির সুলতানা রাজিয়া চৌধুরীর পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য তাঁকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 05 August 2026, Page: 2, Col: 6
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-08-5

চট্টগ্রাম • বুধবার • ৫ আগস্ট ২০২৬ • ২১ শ্রাবণ ১৪৩৩ • ২১ সফর ১৪৪৮ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ৩৩১

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat




৩ ১২ মাসে সর্বোচ্চ রপ্তানি জুলাইয়ে

৪ মানবকল্যাণে আইনজীবীদের সম্পৃক্ত হওয়ার আহ্বান

৬ দ্বিতীয় ম্যাচে জয় পেল টাইগার ইমার্জিং দল

জুলাই অভ্যুত্থান দিবস
অর্জনের গৌরব ও ভবিষ্যতের অঙ্গীকার
বিস্তারিত ▸ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন উপাচার্য অধ্যাপক এসএম নছরুল কদিরসহ অন্যরা

# প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরীর পিএইচডি অর্জন

প্রিমিয়ার ইউনিভার্সিটির মার্কেটিং ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক ও কো-অর্ডিনেটর সুলতানা রাজিয়া চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তাঁর গবেষণা অভিসন্দর্ভের শিরোনাম 'ইমপ্যাক্ট অব রিলেশনশিপ মার্কেটিং অন কাস্টমার প্যাট্রোনেজ ইনটেনশন অ্যান্ড সোশ্যাল ইনফ্লুয়েন্স থ্রু কাস্টমার এনগেজমেন্ট: এভিডেন্স ফ্রম রেস্টুরেন্টস'। ২০২২ থেকে ২০২৫ সাল পর্যন্ত পরিচালিত এ গবেষণা অধ্যাপক ড. মোহাম্মদ তৈয়ব চৌধুরী ও অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীরের যৌথ তত্ত্বাবধানে সম্পন্ন হয়েছে। তাঁর গবেষণায় রেস্টুরেন্ট শিল্পে সম্পর্কভিত্তিক বিপণন (রিলেশনশিপ মার্কেটিং) ও গ্রাহক সম্পৃক্ততার (কাস্টমার এনগেজমেন্ট) পারস্পরিক সম্পর্ক এবং এর বহুমাত্রিক প্রভাব বিশ্লেষণ করা হয়েছে। সুলতানা রাজিয়া চৌধুরী বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলনে গবেষণাপত্রও উপস্থাপন করেছেন, একাধিক 'বেস্ট পেপার' পুরস্কারে ভূষিত হয়েছেন এবং দেশি-বিদেশি স্বনামধন্য গবেষণা সাময়িকীতে বহু গবেষণাপত্র প্রকাশ করেছেন। তিনি প্রিমিয়ার ইউ-নিভার্সিটির রিসার্চ গ্র্যান্টসের অধীনে মর্যাদাপূর্ণ 'আইআরপি অ্যাওয়ার্ড'ও অর্জন করেছেন। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির সুলতানা রাজিয়া চৌধুরীর পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য তাঁকে শুভেচ্ছা জানান। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 05 August 2026, Page: 4, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-08-5